শুক্রবার
- রেজি নং: জে.প্র.ঢা/
- প্রকা. ৩৩/২০০৫
- ডিএ নং ৪০৫৫
- বর্ষ-১৫
- সংখ্যা-২৬তম
- ২০ জানুয়ারি ২০২৩ইং
- ০৬ মাঘ ১৪২৯ বাংলা
- ২৬ জমাঃ সানি ১৪৪৪ হিঃ
- পৃষ্ঠা ৪ মূল্য ১০ টাকা

fb.com/badgnos

# সাপ্তাহিক চাকরির সংবাদ

লক্ষ কোটি বেকার তরুণ-তরুণীর প্রিয় পত্রিকা

পুরো ৭ দিনের সরকারি/ বেসরকারি চাকরির তথ্য নিয়ে প্রকাশিত সাপ্তাহিক চাকরির সংবাদ

## ৭টি ব্যাংকে চাকরি

### পদ সংখ্যা-২৪১৬জন

বিজ্ঞপ্তি নম্বর: ০৫/২০২৩ তারিখ: ১২/০১/২০২৩ইং

সোনালী ব্যাংক লিঃ-১২২৯টি, জনতা ব্যাংক লিঃ-৪৪৫টি, অগ্রণী ব্যাংক লিঃ-৪৫৫টি, রূপালী ব্যাংক লিঃ-২০টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ-৪৪টি, বাংলাদেশ কৃষি ব্যাংক-২২২টি, প্রবাসী কল্যাণ ব্যাংক-১টি)

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| অফিসার (ক্যাশ)/ অফিসার (টেলর)-২৪১৬ জন। ২০২১ সাল ভিত্তিক। **Job ID No: 10183** বেতনঃ ১৬০০০-৩৮৬৪০/- | (ক) যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। (খ)মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহের ন্যূনতম ০১টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে। (গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। |

১।গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ এবং ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/ শাঃ১১/ ৫-১ (অংশ)/ ৫৮২ এবং শিম/শাঃ ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/ শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে ঃ

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে ঃ

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ঃ

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/ বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/ শ্রেণী |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/ শ্রেণী |

৩ এর পাতায় দেখুন

## বাংলাদেশ রেলওয়েতে চাকরি

### পদ সংখ্যা-১৩৮৫জন

নং-৫৪.০১.০০০০.৬৮৭.০০১.০১.২৩-০৩ তারিখঃ ১৭/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ওয়েম্যান বেতনঃ ৮৫০০-২০৫৭০/- | ১৩৮৫ জন | এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেনঃ** পাবনা ও লালমনিরহাট জেলা ব্যতীত সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন; তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং রেলওয়ে পোষ্য কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

বয়স ১৮ থেকে ৩০ বছর। (১) (ক) প্রার্থীর বয়স ২৫/০১/২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (উল্লেখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন)।

(খ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। (গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। (ঘ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপিসহ একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণক হিসেবে নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের মূলকপি এবং আবেদনকারী কোন মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদন যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপিসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূলকপি জমা দিতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি জমা দিতে হবে।

শেষের পাতায় দেখুন

## বাংলাদেশ ডাক বিভাগে চাকরি

### পদ সংখ্যা-১২৩জন

নথি নং-১৪.৩১.০০০০.২০৭.১১.০০১.২১ তারিখ: ১২/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.ড্রাইভার (ভারী) বেতন: ৯৭০০-২৩৪৯০/- | ৩ জন | ক.মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ি চালনায় ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২.মেইল গার্ড বেতন: ৯০০০-২১৮০০/- | ০৪ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ। |
| ৩.পোস্টম্যান বেতন: ৯০০০-২১৮০০/- | ৫০ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ। |
| ৪.প্যাকার বেতন: ৮৫০০-২০৫৭০/- | ০৪ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এবং সুস্বাস্থ্যের অধিকার |
| ৫.মেইল ক্যারিয়ার বেতন: ৮৫০০-২০৫৭০/- | ০৬ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী |
| ৬.আর্মড গার্ড বেতন: ৮৫০০-২০৫৭০/- | ০১ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অস্ত্র চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৭.অফিস সহায়ক বেতন: ৮২৫০-২০০১০/- | ১৫ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮.রানার বেতন:৮২৫০-২০০১০/- | ৩৭ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী |

৩ এর পাতায় দেখুন

## ২টি ব্যাংকে চাকরি

### পদ সংখ্যা-৪৬৮জন

বিজ্ঞপ্তি নম্বর: ০৮/২০২৩ তারিখ: ১৭/০১/২০২৩ইং

সোনালী ব্যাংক লিঃ-৩০৭টি, জনতা ব্যাংক লিঃ-১৬১টি)

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| অফিসার (আইটি) ৪৬৮ জন। ২০২১ সাল ভিত্তিক। **Job ID No: 10184** বেতনঃ ১৬০০০-৩৮৬৪০/- | (ক) কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। (খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে **ন্যূনতম ০১টিতে** প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে। (গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ এবং ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/ শাঃ১১/ ৫-১ (অংশ)/ ৫৮২ এবং শিম/শাঃ ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/ শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে ঃ

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে ঃ

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ঃ

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/ বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/ শ্রেণী |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/ শ্রেণী |

শেষের পাতায় দেখুন

## বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়ে চাকরি

### পদ সংখ্যা-২৩জন

নং-০৫.১০.০৪০০.১০৬.০৬.০৪৩.২২-২২ তারিখ: ১২/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.সার্টিফিকেট পেশকার বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০৫ জন | ক.অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা (গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২০টি শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ২.সার্টিফিকেট সহকারী বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০৫ জন | ক.অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা (গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২০টি শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ৩.ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০৫ জন | ক.অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা (গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২০টি শব্দের গতিসম্পন্ন হতে হবে। |

নং-০৫.১০.০৪০০.১০৬.১০.০৪১.২২-২১ তারিখঃ ১২/০১/২০২৩খ্রি.

| | | |
|---|---|---|
| ৪.সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) বেতনঃ ১০২০০-২৪৬৮০/- | ০৬ জন | ক.স্নাতক বা সমমানের ডিগ্রি (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা (গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা (ঘ) সাঁটলিপিতে বাংলায় ও ইংরেজিতে যথাক্রমে প্রতি মিনিটে ৪৫ ও ৭০ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দের গতিসম্পন্ন |
| ৫.সার্টিফিকেট সহকারী বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০২ জন | ক.উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। (গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২০টি শব্দের গতিসম্পন্ন হতে হবে |

২ এর পাতায় দেখুন

## পায়রা বন্দর কর্তৃপক্ষে চাকরি

### পদ সংখ্যা-১৪জন

নং-১৮.২১.৭৮৬৬.০০১.৫৫.০০১.২০.৬৪১ তারিখঃ ১১/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.প্রধান শিক্ষক বেতনঃ ১৯৮২৫/- | ০১ জন | ক.স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী; অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক পদে ন্যূনতম ৫ বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা। |
| ২.সহকারী শিক্ষক বেতনঃ ১৭৬৫০/- | ০২ জন | ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩.সহকারী শিক্ষক (মহিলা) বেতনঃ ১৭৬৫০/- | ০৩ জন | ক.২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। (খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার |
| ৪.সহকারী শিক্ষক (আইসিটি) বেতনঃ ১৭৬৫০/- | ০১ জন | ক.বিজ্ঞান বিভাগে ন্যূনতম স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। (খ) কমপক্ষে ১ বছরের আইসিটি/ কম্পিউটার সম্পর্কিত কোর্স থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার |

২ এর পাতায় দেখুন

## ইসলামিক ফাউন্ডেশনে চাকরি

### পদ সংখ্যা-৮৩জন

স্মারক নং-১৬.০১.০০০০.০০১.১২.০০৭.৯৩(ভলি-১৩)-২৪২১ তারিখ: ১৫/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.উপ-পরিচালক বেতন: ৩৫৫০০-৬৭০১০/- | ১২ জন | ক.দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী; এবং (খ) সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির ৮ বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২.সিনিয়র প্রোগ্রাম অফিসার (ইসলামিক মিশন) বেতন: ২৯০০০-৬৩৪১০/- | ০৫ জন | ক.২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। (খ) সরকারী চাকুরীতে ৬ বৎসর বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৮ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা |
| ৩.মেডিকেল অফিসার (ইসলামিক মিশন) বেতন: ২৩০০০-৫৫৪৭০/- | ০৭ জন | ক.এম.বি.বি.এস ডিগ্রী। (খ) মেডিক্যাল পেশায় ২ বৎসরের অভিজ্ঞতা |
| ৪.সহকারী পরিচালক বেতন: ২২০০০-৫৩০৬০/- | ১৪ জন | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ৫.স্বাস্থ্য প্রশিক্ষক কাম মেডিকেল অফিসার (ইমাম প্রশিক্ষণ একাডেমী) বেতন: ২২০০০-৫৩০৬০/- | ০৩ জন | ক.এম.বি.বি.এস ডিগ্রী; এবং (খ) মেডিকেল কলেজে ইন্টার্নশীপ সমাপ্তির পর সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা |
| ৬.প্রোগ্রাম অফিসার (ইসলামিক মিশন) বেতন: ২২০০০-৫৩০৬০/- | ০৪ জন | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী |
| ৭.ভাষা শিক্ষক (আরবী) বেতন: ২২০০০-৫৩০৬০/- | ০১ জন | আরবীতে ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮.গবেষণা কর্মকর্তা (ইসলামিক ফাউন্ডেশন) বেতন: ২২০০০-৫৩০৬০/- | ০১ জন | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |

৩ এর পাতায় দেখুন

## রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ে চাকরি

### পদ সংখ্যা-৪০জন

স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৬.০৮.০১১.১৮.০৩ তারিখঃ ১১/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.উপ প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর বেতনঃ ১১০০০-২৬৫৯০/- | ০৪ জন | ক.স্নাতক বা সমমান ডিগ্রী। (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা; (গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা (ঘ) শর্টহ্যান্ড প্রতিমিনিটে গতি ইংরেজি-৮০ শব্দ এবং বাংলায়-৫০ শব্দ (ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-৩০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ২.সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বেতনঃ ১০২০০-২৪৬৮০/- | ০৪ জন | ক.স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা (গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা (ঘ) শর্টহ্যান্ড প্রতি মিনিটে গতি ইংরেজি-৭০ শব্দ এবং বাংলায়-৪৫ শব্দ। (ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-৩০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ |
| ৩.হিসাবরক্ষক বেতনঃ ১০২০০-২৪৬৮০/- | ০২ জন | ক.বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ |
| ৪.অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ১০ জন | ক.উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ |
| ৫.ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০৪ জন | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৬.অফিস সহায়ক বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০১ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭.অর্ডারলি বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০৪ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮.ডেসপাস রাইডার বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০৪ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী। |

২ এর পাতায় দেখুন

## সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজে চাকরি

### পদ সংখ্যা-২৪জন

সূত্র: সিএএসসি/কুর্মি/০০৮/০১/২০/১০৭ক তারিখঃ ১২/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| প্রভাষক বেতনঃ ২২০০০-৫৩০৬০/- (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-২, উদ্ভিদ বিজ্ঞান-১, গণিত-১, কৃষি শিক্ষা-১) | ০৫ জন | স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রী। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে না। |
| প্রদর্শক বেতনঃ ১৬০০০-৩৮৬৪০/- (রসায়ন-১, প্রাণিবিজ্ঞান-১) | ০২ জন | সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। |
| সহকারী শিক্ষক (মাধ্যমিক) (বাংলা-২, ইংরেজি-৪, গণিত/বিজ্ঞান-৩, ইতিহাস ও সমাজ বিজ্ঞান-২, হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা-২) | ১৩ জন | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী। সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। হিন্দু ধর্মের ক্ষেত্রে: (স্বীয় ধর্মের) (ক) উপাধি ডিগ্রীসহ স্নাতক/সমমান। অথবা সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রী ও বিএড ডিগ্রী/সমমান (খ) সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রী/সমমান। বেতনঃ ১২৫০০-৩০২৩০/- |
| সহকারী শিক্ষক (ইংরেজি ভার্সন) (বাংলা/যেকোনো বিষয়-২, ইংরেজি-১, গণিত-১) | ৪ জন | |

৩ এর পাতায় দেখুন

## বন অধিদপ্তরে চাকরি

### পদ সংখ্যা-৩২জন

স্মারক নং-২২.০১.০০০০.৬২৪.০৫.০৩৪.২২.১৩২ তারিখ: ১১/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.ফরেস্ট গার্ড বেতন: ৯০০০-২১৮০০/- | ২৯ জন | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি.। |
| ২.অফিস সহায়ক বেতন: ৮২৫০-২০০১০/- | ৩ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্যের অধিকারী। |

**যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন:** ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

১। আবেদন শুরুর তারিখ (১৮/০১/২০২৩খ্রিঃ) আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়স সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হতে হবে। ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রহিয়াছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে। (২) কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে। (৩) **আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dsfc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদন শুরুর তারিখ ও সময়ঃ ১৮.০১.২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৬.০২.২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৩ এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রীর কার্যালয়ে চাকরি

### পদ সংখ্যা-২৪জন

নথি নং-০৩.৭৫৪.০১১.০২.০০.২৫৯.২০১৮(অংশ-৩)-১৬৬ তারিখ: ১৬/০১/২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.প্রোগ্রামার বেতনঃ ৩৫৫০০-৬৭০১০/- | ০১ জন | ক.কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ৪ বছরের চাকরি। |
| ২.সহকারী ব্যবস্থাপক বেতনঃ ২২০০০-৫৩০৬০/- | ২৩ জন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ২য় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |

২ এর পাতায় দেখুন

## কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা

### পদ সংখ্যা-৪৩জন

নথি নং-এস/২১৫/জনপ্রঃ/নিয়োগ/মোংলা/২০২২/ তারিখ: ১৭/০১/২০২৩খ্রি.

| পদের নাম | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১.সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বেতনঃ ১১০০০-২৬৫৯০/- | ০১ জন | ক.অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) সাঁট লিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে প্রতিমিনিটে ৮০ ও ৫০ শব্দের গতি সম্পন্ন হতে হবে এবং কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে ইংরজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২.উচ্চমান সহকারী বেতনঃ ১০২০০-২৪৬৮০/- | ০৪ জন | ক.অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী: (খ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজীতে-৩০ ও বাংলায়-২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে |
| ৩.ক্যাশিয়ার বেতনঃ ১০২০০-২৪৬৮০/- | ০১ জন | অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী; তবে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার। |
| ৪.অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ১৫ জন | অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তৎসহ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হতে হবেঃ (ক) বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ (খ) ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ |
| ৫.গাড়ীচালক বেতনঃ ৯৩০০-২২৪৯০/- | ০৪ জন | জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা গাড়ি চালানোর বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন |
| ৬.সিপাই বেতনঃ ৮৮০০-২১৩১০/- | ০৯ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চতা: ন্যূনতম ৫´-৪´ পুরুষ, ৫´-২´ মহিলা, বুকের মাপ: ন্যূনতম ৩০˝-৩২˝ (উভয় ক্ষেত্রে) |
| ৭.অফিস সহায়ক বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০৯ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

যে সকল জেলার স্থায়ী অধিবাসীগণ আবেদন করতে পারবেনঃ সকল জেলা

শেষের পাতায় দেখুন

## দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ লিঃ)

### পদ সংখ্যা-৬৫জন

বিজ্ঞপ্তি নং-০২/২০২৩ তারিখঃ ১১ জানুয়ারি ২০২৩ইং

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ১.সহকারী ব্যবস্থাপক (পরিকল্পনা)-১জন বেতন: ২২০০০-৫৩০৬০/- | যন্ত্রকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ২.সহকারী ব্যবস্থাপক (উৎপাদন নিয়ন্ত্রণ)-১জন বেতনঃ ২২০০০-৫৩০৬০/- | যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ৩.কারিগরী কর্মকর্তা-১জন (গবেষনা ও মান নিয়ন্ত্রণ) বেতন: ২২০০০-৫৩০৬০/- | বিএসসি ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ রসায়ন/ ফলিত রসায়নে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ৪.অফিসার (উৎপাদন) -৩জন বেতন: ১৬০০০-৩৮৬৪০/- | স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে যন্ত্রকৌশল/ তড়িৎকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন গ্রাফিক আর্টস/ প্রিন্টিং টেকনোলজি ডিগ্রীসহ সরকার অনুমোদিত মুদ্রণ শিল্পে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ১টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে |
| ৫.সহকারী কারিগরী কর্মকর্তা (গবেষণা ও মান নিয়ন্ত্রণ)-১জন বেতনঃ ২২০০০-৫৩০৬০/- | রসায়ন/ফলিত রসায়নে স্নাতক ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। অথবা স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে কেমিকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ১টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ৬.অফিসার (অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ/অফিসার (উৎপাদন নিয়ন্ত্রণ)-২জন বেতন: ২২০০০-৫৩০৬০/- | যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/ শ্রেণি থাকতে হবে। |

৩ এর পাতায় দেখুন

# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ চাকরি

| পদের নাম | জেলা কোটার প্রাপ্যতা না থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই | |
|---|---|---|
| অফিস সহায়ক (স্থায়ী ভিত্তিতে) বেতনঃ ১৫৫০০-৩৯১৭০/- | ০৪ জন | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, নাটোর, মেহেরপুর, ঝালকাঠী ও বরগুনা জেলা |

বয়সঃ ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর আবেদনকারীগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.jessore.gov.bd /বাপবিবোর্ডের ওয়েব সাইট www.reb.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ এবং বিস্তারিত তথ্য জানতে পারবেন। আবেদনপত্র পৌছানোর শেষ সময় আগামী ২২/০১/২০২৩খ্রিঃ তারিখ। আবু বকর শিবলী, জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর।

**সূত্রঃ ইত্তেফাক ১২/০১/২০২৩ইং (পৃঃ ৬)**

# পায়রা বন্দর কর্তৃপক্ষে চাকরি

## ১ম পাতার পর

| | | |
|---|---|---|
| ৫.সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) বেতনঃ ১৭৬৫০/- | ০১ জন | ক.বিপিএড/এমপিএড পাশ; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৬ মাসের প্রশিক্ষণ সনদ। (খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার |
| ৬.সহকারী শিক্ষক (চারুকলা/ ড্রয়িং) বেতনঃ ১৭৬৫০/- | ০১ জন | ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ব্যাচেলর অব ফাইন আর্টস বা সমমানের ডিগ্রী। (খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৭.প্রধান সহকারী বেতনঃ ১৭৬৫০/- | ০১ জন | ক.স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ |
| ৮.অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতনঃ ১৫৬৫০/- | ০১ জন | ক.উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে অন্যূন বাংলা ২০ ও ইংরেজী ২০ শব্দ |
| ৯.অফিস সহায়ক বেতনঃ ১৪০৭৫/- | ০১ জন | অষ্টম শ্রেণি পাশ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে |
| ১০.দপ্তরি/আয়া বেতনঃ ১৪০৭৫/- | ০১ জন | অষ্টম শ্রেণি পাশ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১.পরিচ্ছন্নতাকর্মী বেতনঃ ১৪০৭৫/- | ০১ জন | অষ্টম শ্রেণি পাশ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

বয়স ০১-০১-২০২৩খ্রি. তারিখে ক্রমিক নং ১ পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৫ বৎসর, ক্রমিক নং ২-৭ পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ বৎসর, ক্রমিক নং ৮-১১ পদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর।

১। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৬ জানুয়ারি, ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনের কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ/ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, জাতীয়তা/ নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী বরাবর প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে। (২) প্রার্থীকে আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী বরাবর ১নং পদের জন্য ৩০০/-টাকা, ২-৮নং পদের জন্য ২০০/- টাকা এবং ৯-১১ পদের জন্য ১০০/- টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে। (৩) বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৪) লিখিত/মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং আবেদনপত্রসহ সকল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। (৫) প্রার্থী কর্তৃক প্রেরিত আবেদনপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। (৬) এই নিয়োগ প্রক্রিয়াটি অস্থায়ীভাবে ওয়ার্কচার্জ ভিত্তিতে সম্পন্ন হবে। (৭) বিজ্ঞপ্তিটি www.ppa.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। তায়েবুর রহমান, উপপরিচালক (সংস্থাপন ও নিয়োগ), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী। **সূত্রঃ ইত্তেফাক ১২/০১/২০২৩ইং (পৃঃ ৩)**

# বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়ে চাকরি

## ১ম পাতার পর

১। বয়সসীমা ১৯/০২/২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে ১৮-৩০ বছর। ২৫/০৩/২০২০ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (২) কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। (৩) কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। (৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। (৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। (৬) আবেদনপত্র আগামী ১৯/০১/২০২৩ তারিখ সকাল ৯.০০টা হতে ১৯/০২/২০২৩ তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। (৭) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে। (ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (খ) বরগুনা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে নাগরিক সনদ (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ (ছ) আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (জ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র (ঝ) সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (৮) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcbarguna teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৯.০১.২০২৩ সকাল ০৯.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৯.০২.২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ২২৩/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। পত্রিকা ছাড়াও বিজ্ঞপ্তিটি www.barguna.gov.bd তে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে যোগাযোগ করা যাবে। (৯) নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে। জেলা প্রশাসক, বরগুনা। বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**সূত্রঃ www.barguna.gov.bd**

# রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ে চাকরি

## ১ম পাতার পর

| | | |
|---|---|---|
| ৯.নিরাপত্তাপ্রহরী বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০৩ জন | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সুস্বাস্থ্যের অধিকারী। |
| ১০.বাবুর্চি বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০২ জন | জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। রান্নার কাজে অন্যূন ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১.মালি বেতনঃ ৮২৫০-২০০১০/- | ০২ জন | জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রংপুর বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। (২) ১ ও ২নং পদের প্রার্থীদের ক্ষেত্রে শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপের নির্ধারিত গতি এবং ০৩, ০৪ ও ০৫ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে। (৩) নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর এর ওয়েবসাইট www.rangpurdiv.gov.bd এবং এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। (৪) **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://rangpurdiv.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৩.০১.২০২৩ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২২.০২.২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৫ পদের ক্ষেত্রে ২২৩/- টাকা এবং ক্রমিক নং ৬-১১ পদের ক্ষেত্রে ১১২/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা vas.query@teletalk.com.bd তে যোগাযোগ করা যাবে। (৫) বয়সসীমা ২৩/০১/২০২৩ তারিখে ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৬) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। (৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে: (ক) নাগরিকত্ব সনদপত্র (খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র (গ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্র (ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃক প্রদত্ত সনদপত্র/ প্রত্যয়নপত্র দেখাতে হবে। (চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র (ছ) ১ ও ২নং ক্রমিকের পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার ও শর্টহ্যান্ড প্রশিক্ষণ সনদপত্র এবং ৩, ৪ ও ৫নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র (জ) ৮নং পদের ক্ষেত্রে মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ১০নং পদের ক্ষেত্রে রান্নার কাজে অভিজ্ঞতার সনদপত্র দাখিল করতে হবে। (৮) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে। (৯) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে। (১০) কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর। ফোন-০২৫৮৮৮১২০০১ (অফিস), ই-মেইলঃ divcomrangpur@mopa. gov.bd

**সূত্রঃ যুগান্তর ১৮/০১/২০২৩ইং (পৃঃ ১২)**

# প্রধানমন্ত্রীর কার্যালয়ে চাকরি

## ১ম পাতার পর

বয়সসীমা ২৫-০৩-২০২০খ্রি. তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১নং পদের জন্য ৩৫ বছর ও ২নং পদের জন্য ৩০ বছর। ক্রমিক নং ২ পদের জন্য বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। (২) চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। (৩) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে। (৪) মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের ১ সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। (ক) বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্র এবং O Level ও A Level উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ (যেমন-পাসপোর্টের কপি, জন্ম সনদ) দাখিল করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (খ)কর্মরত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে। (গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল সনদপত্র ও মার্কশিট এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সনদ প্রদান করতে হবে। (ঘ) ৪ বছর মেয়াদি স্নাতক/ স্নাতক (সম্মান) ডিগ্রীধারী প্রার্থীদের প্রদত্ত সনদ/মার্কশিট/ টেস্টিমোনিয়ালে যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ০৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/ রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় অর্জিত ডিগ্রী ০৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে। (ঙ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি অথবা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি (চ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/ সমমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপ। (ছ) প্রার্থীকে জাতীয় পরিচয়পত্রের কপি এবং জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে সনদ দাখিল করতে হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্র বর্ণিত স্থায়ী ঠিকানা ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে NID বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে। (জ) প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা দিতে হবে। (৫) **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://beza.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৯.০১.২০২৩ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১২.০২.২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ৬০০/-টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk. com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। উপসচিব ব্যবস্থাপক (প্রশাসন), বেজা ও সদস্য সচিব, বেজা'র ৫ম-৯ম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি নিয়োগের সুপারিশ প্রণয়নের নিমিত্ত বাছাই কমিটি। বিনিয়োগ ভবন (৮ম, ৯ম ও ১০ম তলা), ই-৬/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। www.beza.gov.bd **সূত্রঃ সমকাল ১৮/০১/২০২৩ইং (পৃঃ ১৫)**

**কুমিল্লায় আবশ্যকঃ** সরকারি বিধিমালা ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স অনুযায়ী পরতী ফাজিল (ডিগ্রি) মাদরাসা, পোস্ট-পরতী ভাষানী মার্কেট, উপজেলা-লালমাই, কুমিল্লার জন্য একজন করে অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর আবশ্যক। আগামী ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ, উপাধ্যক্ষ পদে ১০০০/- ও অফিস সহকারী পদে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সভাপতি বরাবরে আবেদন করুন। সভাপতি। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২৩**

**মৌলভীবাজারে আবশ্যকঃ** মৌলভীবাজার জেলা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত দি ফ্লাওয়ার্স কে.জি এন্ড হাই স্কুলের শিশু শাখায় অস্থায়ী ভিত্তিতে ০৩ জন সহকারী শিক্ষিকা (খণ্ডকালীন) আবশ্যক। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক/সমমান। প্রার্থীদের লিখিত, মৌখিক পরীক্ষা এবং প্রদর্শন ক্লাসের মাধ্যমে নির্বাচন করা হবে। আগ্রহী প্রার্থীদের দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং মোবাইল নম্বরসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। প্রধান শিক্ষক। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২০২৩**

**সিলেটে আবশ্যকঃ** সৎপুর কামিল মাদরাসা, ডাক-সৎপুর মাদরাসা-৩০৮৩, বিশ্বনাথ, সিলেটের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও সরকারি বিধি মোতাবেক শূন্যপদে একজন মুহাদ্দিস আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন পৌছাতে হবে। অধ্যক্ষ। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২৩ইং**

**নোয়াখালীতে আবশ্যকঃ** সরকারী বিধি মোতাবেক ঘাটলা উচ্চ বিদ্যালয়, ঘাটলা, বেগমগঞ্জ, নোয়াখালীতে প্যাটার্নগত শূন্যপদে একজন করে নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী, আয়া ও মৃত্যুজনিত শূন্যপদে নৈশপ্রহরী এবং সেই সাথে কম্পিউটার ল্যাব অপারেটর নিয়োগ করা হবে। সকল পদের ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া জনবল কাঠামো-২০২১ অনুযায়ী হবে। প্রার্থীরা অফেরৎযোগ্য ১০০০/- টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রের সাথে বয়স প্রমাণে এনআইডি কার্ড সংযুক্ত করে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। পূর্বের আবেদনকারীদের আবেদন নিষ্প্রয়োজন। প্রধান শিক্ষক-০১৭২০-৯৩৪০৭৫। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২৩**

**মাদারীপুরে আবশ্যকঃ** সর্বশেষ জনবল কাঠামো ২০২১ইং ও সরকারি বিধি মোতাবেক একজন সহকারী প্রধান শিক্ষক আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ১৫০০/- টাকা (অফেরৎযোগ্য) পোস্টাল অর্ডারসহ সভাপতি বরাবর আবেদনপত্র আহ্বান করা হলো। বহেরাতলা বালিকা উচ্চ বিদ্যালয়, শিবচর, মাদারীপুর। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২০২৩ইং**

**পটুয়াখালীতে আবশ্যকঃ** সরকারী নিয়োগবিধি মোতাবেক (জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ইং অনুযায়ী) পূর্বকাঠিপাড়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, ডাকঘর-কাছিপাড়া, উপজেলা-বাউফল, জেলা-পটুয়াখালী'র জন্য সৃষ্টপদে ০১জন নিরাপত্তাকর্মী ও ১জন আয়া আবশ্যক। ১০০০/- টাকার পোস্টাল অর্ডারসহ ২৯/০১/২০২৩ তারিখের মধ্যে সুপার বরাবরে আবেদন করুন। সুপার। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২০২৩ইং**

**টাঙ্গাইলে আবশ্যকঃ** সরকারী বিধি মোতাবেক জনতা উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ পাথারপুর, সখিপুর, টাঙ্গাইলে শূন্যপদে একজন পরিচ্ছন্নতাকর্মী ও একজন আয়া আবশ্যক। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা জেএসসি/জেডিসি বা সমমান পাশ এবং বয়স অনুর্ধ্ব ৩৫ বছর হতে হবে। প্রার্থীকে ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, প্রয়োজনীয় কাগজপত্র ও ৫০০/- টাকার নগদসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। প্রধান শিক্ষক-০১৭২১-৮৩৮৯২২। **সূত্রঃ যুগান্তর ১৫/০১/২০২৩ইং**

**কুমিল্লায় আবশ্যকঃ** পীরকাশিমপুর দাখিল মাদ্রাসা, পোঃ পীরকাশিমপুর, থানা-বাঙ্গরাবাজার, উপজেলা-মুরাদনগর, জেলা-কুমিল্লার জন্য শূন্যপদে বিধিমোতাবেক ০১ জন সুপারিনটেনডেন্ট, ০১জন সহকারী সুপারিনটেনডেন্ট ও ১জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োগ দেওয়া হবে। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে আগ্রহী প্রার্থীর কম্পিউটার বাংলা, ইংরেজী ও আরবী টাইপিং জানা আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ৬০০/- টাকার ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি বরাবর আবেদন করতে হবে। সভাপতি। **সূত্রঃ যুগান্তর ১৪/০১/২০২৩ইং**

**কুমিল্লায় আবশ্যকঃ** সরকারি বিধি, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ খ্রিঃ অনুযায়ী সূর্যপুর উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ সাহারপাড়, উপজেলাঃ দেবিদ্বার, জেলাঃ কুমিল্লা এর জন্য শূন্যপদে একজন করে অফিস সহায়ক ও পরিচ্ছন্নতাকর্মী আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ৫০০/- টাকার পোস্টাল অর্ডার, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে। প্রধান শিক্ষক, মোবাইল নম্বরঃ ০১৭৮৯-৯১৪৫৯৬। **সূত্রঃ যুগান্তর ১৪/০১/২০২৩ইং**

**চট্টগ্রামে আবশ্যকঃ** পশ্চিম শিলক বেদৌরা আলম চৌধুরী উচ্চ বিদ্যালয়, ডাকঃ শিলক, উপজেলাঃ রাঙ্গুনীয়া, জেলাঃ চট্টগ্রাম এর জন্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ অনুযায়ী ০১ জন অফিস সহায়ক, ০১জন পরিচ্ছন্নতাকর্মী, ০১জন আয়া নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীকে আগামী ২৮/০১/২০২৩ইং এর মধ্যে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফটসহ প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে। **সূত্রঃ যুগান্তর ১৩/০১/২০২৩ইং**

